# শনিবার সকালে হাদির কবরে শ্রদ্ধা জানাবেন তারেক রহমান



সংগৃহীত ছবি

শনিবার সকালে ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান বিন হাদির কবর জিয়ারত করবেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। কবর জিয়ারত শেষে নির্বাচন কমিশনে এনআইডি নিবন্ধন এবং পরে জুলাই গণঅভ্যুত্থানে আহতদের দেখতে পঙ্গু হাসপাতালে যাওয়ার কথা রয়েছে।

আগামীকাল শনিবার (২৬ ডিসেম্বর) সকাল ১১টায় ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান বিন হাদির কবর জিয়ারত করবেন। দলীয় সূত্রে জানা গেছে, এ সময় তার সঙ্গে থাকবেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ দলের একাধিক জ্যেষ্ঠ নেতা।

কবর জিয়ারত শেষে তারেক রহমান নির্বাচন কমিশনে গিয়ে জাতীয় পরিচয়পত্র (এনআইডি) নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করবেন। এরপর তিনি রাজধানীর পঙ্গু হাসপাতালে গিয়ে জুলাই গণঅভ্যুত্থানে আহতদের খোঁজখবর নেবেন বলে নিশ্চিত করেছে দলীয় সূত্র।

এর আগে শুক্রবার বিকেলে তারেক রহমান তার বাবা, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের কবর জিয়ারত করেন। বৃহস্পতিবার বাংলাদেশ বিমানের একটি ফ্লাইটে তিনি লন্ডন থেকে দেশে ফেরেন। দেশে ফেরার পর রাজধানীর পূর্বাচলের ৩০০ ফিট এলাকায় তাকে সংবর্ধনা দেওয়া হয়।

সংবর্ধনা শেষে তিনি এভারকেয়ার হাসপাতালে গিয়ে সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার খোঁজ নেন। সেখান থেকে তিনি গুলশানের নিজ বাসভবনে ফিরে যান।